PKSF
ENFOQUE
Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) Project | PKSF
The Use of Solar Power | August 2026

# সৌরশক্তি: টেকসই ক্ষুদ্র উদ্যোগের অন্যতম ভিত্তি

## ব্যয়সাশ্রয়ী, নিরবচ্ছিন্ন উৎপাদন, সবুজ ভবিষ্যৎ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর SMART প্রকল্প ক্ষুদ্র উদ্যোগে সম্পদ সাশ্রয়ী ও পরিচ্ছন্ন উৎপাদন (RECP) চর্চা সম্প্রসারণে কাজ করছে। এ কার্যক্রমের আওতায় কৃষি, উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ এবং সেবা খাতের উদ্যোক্তারা সৌরবিদ্যুৎ ব্যবহার করছেন। এতে ক্ষুদ্র উদ্যোগে গ্রিড ও জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমছে, উৎপাদনের ধারাবাহিকতা বজায় থাকছে এবং পরিচালন ব্যয় সাশ্রয় হচ্ছে।



ধানক্ষেতে সৌরশক্তিনির্ভর সেচ, ঠাকুরগাঁও

## এক নজরে SMART প্রকল্পে সৌরশক্তি

- **৮,৪৬৫** ক্ষুদ্র উদ্যোগে সৌরবিদ্যুৎ ব্যবহার
- **১,৫৩২.৮** কিলোওয়াট মোট স্থাপিত সৌর সক্ষমতা
- **১,৬০,৯৪৬.৬** কিলোওয়াট/ঘণ্টা প্রতি মাসে সৌরবিদ্যুৎ উৎপাদন
- **১৭.৩২** লাখ টাকা প্রতি মাসে বিদ্যুৎ বিল সাশ্রয়
- **১০৭.৮** মে. টন প্রতি মাসে গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস

*তথ্য: ৩০ জুন ২০২৬ পর্যন্ত

## খাতভিত্তিক স্থাপিত সৌর সক্ষমতা

| কৃষিভিত্তিক উদ্যোগ | উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ | সেবা খাত |
|---|---|---|
| ১,১৩৩.৩ কিলোওয়াট | ৩৭৪.৫ কিলোওয়াট | ২৫ কিলোওয়াট |
| ৫,৯৬৯টি | ২,২৪৮টি | ২৪৮টি |



মৎস্যচাষে সৌরশক্তির ব্যবহার, সাতক্ষীরা

## সৌরশক্তি ব্যবহারকারী উপখাতসমূহ

SMART প্রকল্পের উপখাতভিত্তিক তথ্য বিশ্লেষণে দেখা যায়, সৌরশক্তির ব্যবহার সবচেয়ে বেশি বিস্তৃত হয়েছে গবাদিপ্রাণী ও মহিষ পালন, উচ্চমূল্যের ফসল, পোলট্রি, মৎস্য চাষ এবং শুঁটকি প্রক্রিয়াজাতকরণ ও বাণিজ্য উপখাতে। বিশেষ করে গবাদিপ্রাণী ও মহিষ পালন এবং উচ্চমূল্যের ফসল উৎপাদনে সৌরবিদ্যুতের ব্যবহার অন্য উপখাতগুলোর তুলনায় এগিয়ে রয়েছে। এর বাইরে মিনি গার্মেন্টস, রাইস মিল, অটোমোবাইল ওয়ার্কশপ, ধাতব পণ্য, তাঁত, যন্ত্রপাতি ও সরঞ্জাম এবং পরিবেশবান্ধব নির্মাণসামগ্রীসহ বিভিন্ন উৎপাদন ও সেবা উপখাতেও সৌরশক্তির ব্যবহার ছড়িয়ে পড়েছে। সামগ্রিকভাবে এ চিত্র দেখায়, সৌরবিদ্যুতের ব্যবহার শুধু নির্দিষ্ট ধরনের ব্যবসায় সীমাবদ্ধ না থেকে কৃষি, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সেবা খাতের বৈচিত্র্যময় ক্ষুদ্র উদ্যোগে বিস্তৃত হচ্ছে।

1. গবাদিপ্রাণী ও মহিষ পালন — ৫৩৬.৩ কিলোওয়াট
2. উচ্চমূল্যের ফসল — ৩৪২.৩ কিলোওয়াট
3. পোলট্রি — ১৩৫.৯ কিলোওয়াট
4. মৎস্য — ১১৮.৮ কিলোওয়াট
5. শুঁটকি প্রক্রিয়াজাতকরণ — ১০৮.৭ কিলোওয়াট

চামড়াজাত পণ্য, তাঁত, মিনি গার্মেন্টস, যন্ত্রপাতি ও সরঞ্জাম, ধাতব পণ্য, পরিবেশবান্ধব নির্মাণসামগ্রী, রাইস মিল, প্লাস্টিক পুনর্ব্যবহার, অটোমোবাইল ওয়ার্কশপ, রেস্তোরাঁ, স্ট্রিট ফুড ও বেকারি — ২৯০.৮ কিলোওয়াট

# উদ্যোগের গল্প

## সূর্যের আলোয় সচল মামা ভাগ্নে ডেইরি

হাইব্রিড সৌরবিদ্যুৎ ব্যবস্থা চালুর আগে দিনে ৪-৫ ঘণ্টা লোডশেডিংয়ের কারণে উৎপাদন ব্যাহত হতো, দুধ নষ্ট হওয়ার ঝুঁকি ছিল এবং বিদ্যুৎ ও জেনারেটর পরিচালনায় প্রতি মাসে উল্লেখযোগ্য অতিরিক্ত ব্যয় হতো। SMART প্রকল্পের সহায়তায় ২ লক্ষ ৫৮ হাজার টাকা ব্যয়ে ৪.৭ কিলোওয়াট ক্ষমতার সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপনের পর মাসিক বিদ্যুৎ ব্যবহার কমেছে ১,০৫০ কিলোওয়াট-ঘণ্টা থেকে ৭৩৫ কিলোওয়াট-ঘণ্টায়, বিদ্যুৎ বিল নেমে এসেছে ১৮,০০০ টাকা থেকে ১২,৬০০ টাকায় এবং জেনারেটর ব্যয় কমেছে ৮,০০০ টাকা থেকে ২,০০০ টাকায়। বিনিয়োগ ফেরত আসতে সময় লাগবে আনুমানিক ২৪ মাস।

> “আগে লোডশেডিং হলেই উৎপাদন ব্যাহত হতো, দুধ নষ্ট হওয়ার শঙ্কা থাকত। এখন সৌরবিদ্যুতের কারণে উৎপাদন নিরবচ্ছিন্ন, বিদ্যুৎ ব্যয় কমেছে এবং ব্যবসা আরও আত্মবিশ্বাসের সঙ্গে পরিচালনা করতে পারছি।”
>
> **-বলরাম বসাক**
>
> স্বত্বাধিকারী, মামা ভাগ্নে ডেইরি, সিরাজগঞ্জ



মামা ভাগ্নে ডেইরির ছাদে স্থাপিত সৌর প্যানেল

**৪.৭ কিলোওয়াট**
হাইব্রিড সৌরবিদ্যুৎ ব্যবস্থার সক্ষমতা

**৪৩%**
বিদ্যুৎ ব্যবহার হ্রাস

**১১,৪০০ টাকা**
প্রতি মাসে মোট সাশ্রয়

**প্রায় ২৪ মাস**
বিনিয়োগ ফেরতের সময়

**৩,৩৬২.৮ কিলোওয়াট-ঘণ্টা**
আট মাসে সৌরবিদ্যুৎ উৎপাদন

**প্রায় ২,৮৪৮ কেজি**
আট মাসে কার্বন-ডাই অক্সাইড নির্গমন হ্রাস

## সৌরশক্তিতে সচল ভিআইপি অটোমোবাইল ওয়ার্কশপ







বগুড়ার ভিআইপি অটোমোবাইল ওয়ার্কশপে সৌরবিদ্যুৎ ব্যবস্থার মাধ্যমে কাজ চলছে

পিকেএসএফ-এর সহযোগী সংস্থা টিএমএসএসের মাধ্যমে SMART প্রকল্পের RECP কার্যক্রমের আওতায় বগুড়ার ভিআইপি অটোমোবাইল ওয়ার্কশপে ৫ কিলোওয়াট ক্ষমতার হাইব্রিড সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করা হয়েছে। এর মাধ্যমে কার লিফট, এয়ার কম্প্রেসার, জেট ওয়াশার এবং অফিসের লাইট-ফ্যান চালানো যাচ্ছে। লোডশেডিংয়ের সময়ও প্রয়োজনীয় কার্যক্রম সচল থাকায় গ্রাহকদের সময়মতো সেবা দেওয়া সম্ভব হচ্ছে। প্রায় ২.৫ লাখ টাকার এ বিনিয়োগ বিদ্যুৎ সাশ্রয়ের মাধ্যমে আনুমানিক সাড়ে তিন বছরে উঠে আসতে পারে।

> “আগে লোডশেডিং হলে কার লিফট, এয়ার কম্প্রেসার ও জেট ওয়াশার বন্ধ থাকত। এখন সৌরবিদ্যুতে জরুরি কাজ সচল রেখে গ্রাহকদের সময়মতো সেবা দিতে পারছি। বিদ্যুৎ ব্যয়ও নিয়ন্ত্রণে এসেছে।”
>
> **-মো. জাহাঙ্গীর আলম**
>
> স্বত্বাধিকারী, ভিআইপি অটোমোবাইল ওয়ার্কশপ, বগুড়া

**১৯.১২ কিলোওয়াট**
দৈনিক সৌরবিদ্যুৎ উৎপাদন

**৫,৭৩৬ কিলোওয়াট**
বার্ষিক বিদ্যুৎ সাশ্রয়

**৬৮,৮৩২ টাকা**
বার্ষিক আর্থিক সাশ্রয়

**Published by**
Project Management Unit (PMU)
Sustainable Microenterprise and Resilient Transformation (SMART) Project
Palli Karma-Sahayak Foundation (PKSF)

**Address**
PKSF Bhaban-1, Plot: E-4/B
Agargaon Administrative Area
Sher-e-Bangla Nagar, Dhaka-1207